



স্মারকনং- বেরোবি/রেজি:/

তারিখঃ ১৯ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তির বিজ্ঞপ্তি:

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে ১ম বর্ষে শিক্ষার্থী ভর্তির জন্য বিভাগ ভিত্তিক ৪র্থ তালিকা প্রকাশ করা হয়েছে। ফলাফল জানতে ভিজিট করুন <http://admission.brur.ac.bd/>। ১ম, ২য় এবং ৩য় তালিকা হতে ভর্তিকৃত শিক্ষার্থীদের পছন্দক্রম অনুযায়ী Auto-Migration প্রক্রিয়া (প্রযোজ্য ক্ষেত্রে) শেষে মেধাক্রম ও পছন্দক্রম অনুযায়ী বিভাগ সমূহের অবশিষ্ট শূন্য আসনের বিপরীতে বিষয় বরাদ্দ করে ৪র্থ তালিকা প্রকাশ করা হয়েছে। ৪র্থ তালিকায় A ইউনিটের মেধা তালিকার ২০৯৯ পর্যন্ত, B ইউনিটের মেধা তালিকার ৮৮৯ পর্যন্ত এবং C ইউনিটের মেধা তালিকার ৮৮৩ পর্যন্ত বিষয় বরাদ্দ করা হয়েছে।

উল্লেখ্য, Auto-Migration প্রক্রিয়া (প্রযোজ্য ক্ষেত্রে) সম্পন্ন হওয়ার পর আসন ফাঁকা থাকা সাপেক্ষে নিম্নবর্ণিত সিডিউল মোতাবেক তালিকা প্রকাশ, সাক্ষাৎকার গ্রহণ ও ভর্তির কার্যক্রম পরিচালনা করা হবে।

তালিকার ক্রম	প্রকাশের তারিখ, বার ও সময়		সাক্ষাৎকার ও ভর্তির তারিখ, বার ও সময়		
	তারিখ ও বার	সময়	তারিখ ও বার	সময়	স্থান
৪র্থ তালিকা	১৯-০১-২০২২ বুধবার	রাত ১১:০০ মিনিট	২৩-০১-২০২২ রবিবার	সকাল: ১১:০০ মিনিট হতে বিকাল ৩:০০ মিনিট	সংশ্লিষ্ট বিভাগ
৫ম তালিকা	২৩-০১-২০২২ রবিবার	রাত ১১:০০ মিনিট	২৪-০১-২০২২ সোমবার	সকাল: ১১:০০ মিনিট হতে বিকাল ৩:০০ মিনিট	সংশ্লিষ্ট বিভাগ
৬ষ্ঠ তালিকা	২৪-০১-২০২২ সোমবার	রাত ১১:০০ মিনিট	২৫-০১-২০২২ মঙ্গলবার	সকাল: ১১:০০ মিনিট হতে বিকাল ৩:০০ মিনিট	সংশ্লিষ্ট বিভাগ
৭ম তালিকা	২৫-০১-২০২২ মঙ্গলবার	রাত ১১:০০ মিনিট	২৬-০১-২০২২ বুধবার	সকাল: ১১:০০ মিনিট হতে বিকাল ৩:০০ মিনিট	সংশ্লিষ্ট বিভাগ

ভর্তির ফিস : সকল বিভাগের জন্য ভর্তির প্রারম্ভিক ফিস ৯,৫১৫/- (নয় হাজার পাঁচশত পনের) টাকা মাত্র।

(বিঃ দ্রঃ ভর্তির সকল প্রক্রিয়া এবং Auto-Migration এর সর্বশেষ তালিকা প্রকাশের পর শিক্ষার্থীরা যে বিভাগে সর্বশেষ অবস্থান করবেন সে বিভাগের অতিরিক্ত ফিস (যদি থাকে) সমন্বয় করতে হবে।

সাক্ষাৎকার ও ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্রাদি অবশ্যই সঙ্গে আনতে হবে।

- ০১। এস.এস.সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, নম্বরপত্র এবং মূল সার্টিফিকেট/প্রভিশনাল সার্টিফিকেট/প্রশংসাপত্র।
- ০২। এইচ.এস.সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, নম্বরপত্র এবং মূলসার্টিফিকেট/প্রভিশনালসার্টিফিকেট/প্রশংসাপত্র।
- ০৩। গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (কক্ষ পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত)।
- ০৪। ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে ব্যবহৃত ছবির সাদৃশ্য হতে হবে)।
- ০৫। ভর্তির সময় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট জমা দিতে হবে।

*** প্রকাশিত ফলাফলের সকল প্রকার সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

সদস্য-সচিব

ভর্তি কমিটি

২০২০-২০২১ শিক্ষাবর্ষ

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।